

# এয়ারপোর্ট ফুটওভার ব্রিজ উদ্বোধন করলেন মেয়র আনিসুল হক

প্রকাশিত : ০৬ :০০, ১৮ আগস্ট ২০১৬

এয়ারপোর্ট ফুটওভার ব্রিজ উদ্বোধন করলেন মেয়র আনিসুল হক

স্টাফ রিপোর্টার ॥ বহুল প্রতীক্ষিত এয়ারপোর্ট ফুটওভার ব্রিজ উদ্বোধন করলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। দুপুর ১২টায় ফেস্টুন ও পায়রা উড়িয়ে আনুষ্ঠানিক উদ্বোধন করেন মেয়র। ব্যস্ততম ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের উপর আধুনিক স্থাপত্যশৈলীতে নির্মিত স্টিলের তৈরি শিশু ও বয়স্কবান্ধব এ ফুটওভার ব্রিজে ওঠার জন্য রয়েছে চলন্ত সিঁড়ির সুবিধা। নারায়ণগঞ্জে অবস্থিত বাংলাদেশ নৌবাহিনী নিয়ন্ত্রিত ডকইয়ার্ড এ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লি. এটি নির্মাণ করে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে প্রায় ৪ কোটি ৮৪ লাখ টাকা ব্যয়ে এটি নির্মাণ করা হয়। ৬৩.৪০ মিটার (প্রায় ২০৮ ফুট) দৈর্ঘ্য এবং ২.৩০ মিটার (সাড়ে ৭ ফুট) প্রস্থের এ ফুটওভার ব্রিজটির তলদেশ রাস্তা থেকে প্রায় ৬.৫০ মিটার (২১ ফুট ৩ ইঞ্চি) উঁচু। ব্রিজের ছাউনিতে গ্লাস ফাইবারের শিট ব্যবহারের ফলে খরতাপ থেকে কিছুটা রক্ষা পাওয়া যাবে। রাতে চলাচলের জন্য ব্রিজটিতে রয়েছে পর্যাপ্ত আলোর ব্যবস্থা। ব্রিজ উদ্বোধনপূর্ব সংক্ষিপ্ত আলোচনায় মেয়র বলেন, আগামী ৩ বছরের মধ্যে এক সম্পূর্ণ নতুন ঢাকা উপহার দিতে চান তিনি। এ ফুটওভার ব্রিজ সেই উদ্যোগের একটি ক্ষুদ্র অংশ। খিলক্ষেত এবং রেডিসন হোটেলের সামনে একই মানের আরও দু'টি ফুটওভার ব্রিজ শীঘ্রই নির্মাণ করা হবে। মেয়র তাঁর বক্তব্যে মহানগরীর নিরাপত্তা বিধানে সিসি ক্যামেরা স্থাপন, যানজট নিরসনে বিশেষ সার্কুলার বাস সার্ভিস ও রিক্সা সার্ভিস চালু করা, সবুজায়নের জন্য রাস্তার মধ্যবর্তী মিডিয়ান, ফুটওভার ব্রিজসহ সম্প্রতি চালু হওয়া 'নগর' এ্যাপের বিষয়ে বিশেষভাবে জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করেন।